

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর,
ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.১৩১৮

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৫
১৪ অক্টোবর ২০১৮

অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুর রহমান সরকার, ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল), গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধায় কর্মরত অবস্থায় ২ জন ছাত্রের সাথে অনৈতিক কার্যকলাপ (সমকামিতা) করা সংক্রান্ত গত ০৯/১০/২০১৮ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানের ইলেকট্রিক্যাল ট্রেডের ২৫ জন শিক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত অভিযোগ অধ্যক্ষ বরাবর দাখিল করেন;

এবং যেহেতু, আপনার এহেন আসদাচরণ, অনৈতিক ও অসৎ উদ্দেশ্যে প্রণোদিত কার্যক্রমের বিষয়ে তদন্তের জন্য স্থানীয় পর্যায়ে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন এবং অধ্যক্ষের প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে ছাত্রদের সাথে অনৈতিক কার্যকলাপ (সমকামিতা) করার ঘটনা সত্যতা বলে প্রতীয়মান হয়েছে;

এবং যেহেতু, আপনি সরকারি দায়িত্ব পালনে উদাসীনতা, স্বেচ্ছাচারিতাসহ এহেন নীতিজ্ঞানহীন ও অশিক্ষকসুলভ কার্যক্রমের মাধ্যমে সার্বিক শিক্ষা ক্ষেত্রে তথা শিক্ষক সমাজের জন্য মর্যাদা হানিকর এবং ভাবমূর্তি ক্ষুণ্ণের নজির সৃষ্টি করেছেন;

এবং যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ভুক্ত অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একই সাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। সাময়িক বরখাস্তকালীন (Suspension Period) বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

১৪-১০-২০১৮

অশোক কুমার বিশ্বাস
মহাপরিচালক

নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩০.০০১.১৮.১৩১৮/১(৮)

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৫
১৪ অক্টোবর ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) অধ্যক্ষ, গাইবান্ধা/ খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা/ খাগড়াছড়ি।
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৫) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা/ খাগড়াছড়ি।
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, আগারগাঁও, ঢাকা (পত্রখানা এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭) জনাব মোঃ আব্দুর রহমান সরকার, ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল), খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ, খাগড়াছড়ি (স্থায়ী ঠিকানাঃ গ্রাম: গটিয়া, পো: সাঘাটা, থানা: সাঘাটা, জেলা: গাইবান্ধা)।
- ৮) সংরক্ষণ নথি।



১৪-১০-২০১৮

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক